

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)

## প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ/ ০১ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১৮৭-আইন/২০০৯।- Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, যে সকল করদাতা মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিক, তাহাদের মোটর কার, জীপ বা মাইক্রোবাসের মালিকানাভিত্তিক অনুমিত আয়কে, নিম্নবর্ণিত হারে ও পদ্ধতিতে আয়কর প্রদান সাপেক্ষে, কর প্রদান করা হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথাঃ-

গাড়ীর ধরণ	প্রদেয় আয়করের হার
(ক) ১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটর কার এর জন্য	- টাকা ৩,০০০.০০
(খ) ২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটর কার এর জন্য	- টাকা ৪,০০০.০০
(গ) ২০০০ সিসি'র উপরে প্রতিটি মোটর কার এর জন্য	- টাকা ৭,০০০.০০
(ঘ) ২৮০০ সিসি পর্যন্ত প্রতিটি জীপ এর জন্য	- টাকা ৬,০০০.০০
(ঙ) ২৮০০ সিসি'র উপরে প্রতিটি জীপ এর জন্য	- টাকা ৮,০০০.০০
(চ) মাইক্রোবাস প্রতিটির জন্য	- টাকা ৩,০০০.০০

(২) উক্ত করদাতা মালিককে সংশ্লিষ্ট মোটর কার, জীপ বা মাইক্রোবাসের রেজিস্ট্রেশনের সময় অথবা ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হইবার পূর্বে তাহাকে উপরি-উক্ত হারে আয়কর প্রদান করিতে হইবে;

(৩) দফা (১) ও (২) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইন্সকৃত কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে;

(৪) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট যানবাহনের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, ফিটনেস নবায়ন করিবে না।

২। এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ করদাতা কর্তৃক প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

৩। এই প্রজ্ঞাপনের অধীন প্রদত্ত আয়কর করদাতার মোট আয়ের উপর প্রদেয় আয়করের সহিত সমন্বয় করা যাইবে।

৪। সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বিদেশী দ-তাবাস ও মিশনের মালিকানাধীন মোটর কার, জীপ বা মাইক্রোবাসের ক্ষেত্রে এই প্রজ্ঞাপন প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

( পারসা বেগম )  
অতিরিক্ত সচিব পদাধিকার বলে